

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
জেলা কমান্ড, নড়াইল  
[www.narail.gov.bd](http://www.narail.gov.bd)

নথি নম্বর : ০৫.৪৪.৬৫০০.১০১.০১.০৬২.২৩-৬০

তারিখ : ০২ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**গণ-বিজ্ঞপ্তি**

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ এর গঠনতন্ত্র ২০১০ এর ধারা ১৫ এবং ১৮ বিধি অনুযায়ী আমি মোঃ ফকরুল হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল ও রিটার্নিং অফিসার, জেলা কমান্ড, নড়াইল এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে বাংলাদেশ মুক্তিযুদ্ধ সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক গত ১৪ মার্চ ২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩-৫২ নম্বর গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনের ভোট গ্রহণের সময়সূচি ঘোষণা করা হয়েছে।

ক. ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক	বিবরণ	সময় ও বার
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩ রবিবার
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩ বুধবার
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩ মঙ্গলবার
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩ রবিবার

খ. নির্বাচনী তফসিল :

ক্রমিক	বিবরণ	সময় ও বার
০১	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা হতে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ০৫-০৪-২০২৩ বুধবার
০২	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩ রবিবার
০৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০ টা হতে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ১১-০৪-২০২৩ মঙ্গলবার
০৪	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩ বৃহস্পতিবার
০৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩ রবিবার
০৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩ সোমবার
০৭	প্রতীক বরাদ্দের তারিখ	: ১৮-০৪-২০২৩ মঙ্গলবার
০৮	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩ শনিবার

ভোট গ্রহণের সময়সীমা : বিরতিহীনভাবে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

০২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল ও রিটার্নিং অফিসার, জেলা কমান্ড নির্বাচন ২০২২-২৩, নড়াইল এবং সহকারী রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারের (সংশ্লিষ্ট) কার্যালয়ে মনোনয়নপত্র গৃহীত হইবে।

০৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

M. Hasam.  
২৬/০৩/২০২৩

মোঃ ফকরুল হাসান  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল

ও

রিটার্নিং অফিসার

মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩

জেলা কমান্ড, নড়াইল

ফোন : ০২৪৭৭৭৩৫৯৬

মোবা : ০১৩২৪-১৭৯৩৭৭

তারিখ : ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর